# টেক্সটাইল খাতে দক্ষ জনবল গড়ে তুলতে হবে: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

দেশের টেক্সটাইল খাতকে আরও শক্তিশালী ও প্রতিযোগিতামূলক করতে গবেষণা, আধুনিক অবকাঠামো এবং দক্ষ জনবল তৈরির ওপর গুরুত্বারোপ করেছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, ভবিষ্যতে এই খাত দেশের অর্থনীতিতে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বুধবার (১ জুলাই) বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) ৫২তম ব্যাচের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, একসময় টেক্সটাইল খাতে বিদেশি বিশেষজ্ঞদের ওপর নির্ভরশীলতা ছিল। এখন সেই অবস্থা থেকে বেরিয়ে এসে দেশীয় দক্ষ জনশক্তি গড়ে তোলার সময় এসেছে। এজন্য প্রশিক্ষণ ও শিক্ষার মান উন্নয়নের ওপর জোর দেন তিনি।

তিনি জানান, টেক্সটাইল ইঞ্জিনিয়ারদের বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তির বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আনা হবে। পাশাপাশি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের জন্য দুটি নতুন কলেজ প্রতিষ্ঠার পরিকল্পনার কথাও তুলে ধরেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, এসএসসি, এইচএসসি ও স্নাতক পর্যায়ের পরীক্ষা নির্ধারিত সময়েই অনুষ্ঠিত হবে। এছাড়া ২০২৭ সালে বিদ্যমান শিক্ষাক্রম পর্যালোচনা এবং ২০২৮ সালে নতুন কারিকুলাম চালুর পরিকল্পনা রয়েছে।

LENS ASIA